টিসিবি'র পণ্য দামে
সাশ্রয়ী মানে অনন্য।

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

১, কাওরান বাজার, ঢাকা।

ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

টিসিবি'র পণ্য বিতরণ/ বিক্রয়ের লক্ষ্যে শুধুমাত্র নিম্নবর্ণিত উপজেলাসমূহ হতে প্রকৃত মুদি ব্যবসায়ীদের মধ্য হতে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ডিলার নিয়োগের লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনের সময় ১৫ সেপ্টেম্বর'২০২০ হতে ১৫ অক্টোবর'২০২০ পর্যন্ত। উক্ত সময়ের আগে/ পরে কোন দরখাস্ত গৃহীত হবে না। ইতোপূর্বে গৃহীত সকল আবেদনসহ ১৪ সেপ্টেম্বর'২০২০ পর্যন্ত প্রাপ্ত আবেদনসমূহ নথিভুক্ত হিসাবে গণ্য হবে (কোন কার্যক্রম গৃহীত হবে না)। আবেদনের নমুনা কপি অনুযায়ী আবেদন করতে হবে, কোন ভাষা পরিবর্তন করা যাবে না। শুধুমাত্র ফাঁকা ঘরে তথ্যপূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা নিম্নোক্ত সংযুক্তি মোতাবেক জমা দিতে হবে। আবেদন শুধুমাত্র প্রধান কার্যালয়, ১, কাওরান বাজার, ঢাকা-এ জমা দিতে হবে।

Trading Corporation of Bangladesh
Dhaka

বিভাগ	জেলার নাম	যেসকল উপজেলায় আবেদন করা যাবে	বর্ণিত উপজেলা সমূহ ব্যতীত অন্য উপজেলা হতে আবেদনের প্রয়োজন নাই।
ঢাকা	ঢাকা	দোহার, নবাবগঞ্জ	”
	গাজীপুর	কালিগঞ্জ, কালিয়াকৈর, শ্রীপুর	”
	নারায়নগঞ্জ	আড়াইহাজার ,বন্দর, রূপগঞ্জ	”
	মানিকগঞ্জ	সদর, দৌলতপুর, হরিরামপুর, সিংগাইর, ঘিওর, শিবালয়	”
	মুন্সিগঞ্জ	মুন্সিগঞ্জ সদর, লৌহজং	”
	নরসিংদী	সদর, রায়পুরা, শিবপুর, সাহেপ্রতাপ, পলাশ	”
	ফরিদপুর	শালথা, বোয়ালমারি, মধুখালি, ভাঙ্গা, চরভদ্রাসন, আলফা ডাঙ্গা	”
	রাজবাড়ী	সদর	”
	টাঙ্গাইল	সখীপুর	”
	কিশোরগঞ্জ	সদর, মিঠামইন, কুলিয়ারচর	”
	শরিয়তপুর	সদর, নাড়িয়া	”
চট্টগ্রাম	চট্টগ্রাম	হাটহাজারী, বাঁশখালী, লোহাগড়া, রাউজান, কর্ণফুলি	”
	কক্সবাজার	সদর, চকরিয়া, পেকুয়া, কুতুবদিয়া, উখিয়া, টেকনাফ	”
	খাগড়াছড়ি	সদর, দীঘিনালা, মাটিরাঙ্গা, রামগড়, পানছড়ি লক্ষীছড়ি মহালছড়ি,গুইমারা, মানিকছড়ি	”
	রাঙ্গামাটি	সদর, বাঘাইছড়ি, কাউখালী, বরকল, লংগদু, নানিয়ারচর, বিলাইছড়ি, জুরাছড়ি, রাজস্থলী	”
	বান্দরবান	সদর,আলীকদম, নাইক্ষ্যংছড়ি, রুমা,থানচি,রোয়াংছড়ি	”
	কুমিল্লা	হোমনা, ব্রাহ্মণপাড়া, লাকসাম, লালমাই	”
	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ	”
	নোয়াখালী	সদর, সুবর্ণচর, হাতিয়া	”
	ফেনী	দাগনভূঁইয়া	”
	চাঁদপুর	হাইমচর, হাজীগঞ্জ, মতলব উত্তর, মতলব দক্ষিন	”
	লক্ষ্মীপুর	সদর, কমলনগর, রায়পুর, রামগতি	”
খুলনা	খুলনা	দাকোপ, পাইকগাছা, কয়রা, বটিয়াঘাটা	”
	সাতক্ষীরা	আশাশুনি	”
	বাগেরহাট	সদর, কচুয়া, রামপাল, মোল্লাহাট	”
	মেহেরপুর	মুজিবনগর	”
	চুয়াডাঙ্গা	সদর	”
	যশোর	শার্শা	”
	কুষ্টিয়া	খোকসা, কুমারখালি	”

রাজশাহী	রাজশাহী	পুঠিয়া, বাঘা, মোহনপুর, গোদাগাড়ী, তানোর, দুর্গাপুর	”
	নাটোর	সদর, গুরুদাসপুর, নলডাঙ্গা,	”
	চাঁপাইনবাবগঞ্জ	সদর, গোমস্তাপুর,	”
	পাবনা	সদর, বেড়া, আটঘরিয়া, সাঁথিয়া	”
	বগুড়া	সারিয়াকান্দি, শাজাহানপুর, গাবতলী	”
	জয়পুরহাট	সদর, আক্কেলপুর	”
	নওগাঁ	নিয়ামতপুর, ধামইরহাট, সাপাহার, রানীনগর, মান্দা, বদলগাছী, পত্নিতলা	”
	সিরাজগঞ্জ	সদর, কামারখন্দ, তাড়াশ, চৌহলী, শাহজাদপুর	”
রংপুর	দিনাজপুর	সদর, ঘোড়াঘাট, বিরল, নবাবগঞ্জ, বোচাগঞ্জ, ফুলবাড়ী, খানসামা, বীরগঞ্জ, কাহারোল	”
	ঠাকুরগাঁও	সদর, পীরগঞ্জ, হরিপুর	”
	পঞ্চগড়	সদর, দেবীগঞ্জ, বোদা, তেতুলিয়া	”
	কুড়িগ্রাম	সদর, উলিপুর, চর রাজিবপুর	”
	গাইবান্ধা	সদর, ফুলছড়ি	”
বরিশাল	বরিশাল	উজিরপুর, আগৈলঝাড়া, মুলাদী	”
	ঝালকাঠি	কাঁঠালিয়া	”
	পিরোজপুর	সদর, নাজিরপুর, নেছারাবাদ, কাউখালী	”
	ভোলা	সদর, লালমোহন, মণপুরা	”
	পটুয়াখালী	সদর, রাঙ্গাবালী, দুমকি, দশমিনা, মির্জাগঞ্জ	”
	বরগুনা	বেতাগী, বামনা, তালতলি	”
সিলেট	সিলেট	দক্ষিণ সুরমা, কোম্পানীগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, জৈন্তাপুর	”
	সুনামগঞ্জ	সদর, দঃ সুনামগঞ্জ, জামালগঞ্জ, বিশ্বম্ভরপুর, তাহিরপুর, ধর্মপাশা, শাল্লা	”
	মৌলভীবাজার	কুলাউড়া, রাজনগর, শ্রীনগর	”
ময়মনসিংহ	নেত্রকোণা	সদর, আটপাড়া, খালিয়াজুরী, মদন, কলমাকান্দা, দূর্গাপুর, বারহাট্টা, মোহনগঞ্জ	”
	ময়মনসিংহ	সিটি কর্পোরেশন, গৌরিপুর, ধোবাউড়া	”
	জামালপুর	দেওয়ানগঞ্জ, বকশীগঞ্জ	”

Trading Corporation of Bangladesh ★ Dhaka ★

৯/৯/২০২০

নমুনা আবেদন

চেয়ারম্যান
ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)
প্রধান কার্যালয়, টিসিবি ভবন ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়ঃ ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-এর ডিলারশীপ প্রাপ্তির আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি একজন মুদি ব্যবসায়ী। আমার দোকানে/গুদামে-এ ১-৫ মেঃ টন পণ্য গুদামজাত করার মত প্রয়োজনীয় স্থান সংকুলান রয়েছে। টিসিবি কর্তৃক সরবরাহকৃত পণ্যসামগ্রী বিক্রয়ের নিমিত্ত ডিলারশীপ প্রাপ্তির জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা অফেরতযোগ্য আবেদন ফি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট; "ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ" এর অনুকূলে) এবং আর্থিক স্বচ্ছলতার সনদসহ নিম্নোক্ত ছকে যাবতীয় তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে দাখিল করিলাম। দাখিলকৃত তথ্যাদি সত্য ও নির্ভুল। আমি টিসিবি'র সকল নিয়ম কানুন ও সিদ্ধান্ত যথাযথভাবে মানিয়া চলার অঙ্গীকার করিতেছি।

ক)	আবেদনকারীর নাম:	
খ)	প্রতিষ্ঠানের নাম:	
(গ)	প্রতিষ্ঠানের ঠিকানা:	
(ঘ)	স্থায়ী ঠিকানা:	
(ঙ)	জন্ম তারিখ:	
(চ)	জাতীয় পরিচয় পত্র নম্বর	
(ছ)	ই-মেইল:	
(জ)	আয়কর সনদ (TIN)	
(ঝ)	পে-অর্ডার/ব্যাংক ড্রাফট	নং....................................তারিখ..................... ব্যাংকের নাম..

এমতাবস্থায়, অফেরতযোগ্য আবেদন ফি ৫,০০০ (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিয়ে আবেদন করলাম। ভবিষ্যতে দাখিলকৃত কাগজপত্রে অসংগতি পাওয়া গেলে বা টিসিবি'র নিয়ম পরিপন্থি কোন কার্যকলাপ পরিলক্ষিত হইলে আমার ডিলারশীপ লাইসেন্স বাতিল করার শর্তে আমাকে টিসিবি'র ডিলার হিসাবে নিয়োগ প্রদান করিয়া বাধিত করিবেন।

বিনীত নিবেদক
নামঃ...
ফোন নং...

সংযুক্তিঃ

০১। দুই কপি ছবি।
০২। ট্রেড লাইসেন্স (মুদি ব্যবসায়ী)।
০৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
০৪। জাতীয় পরিচয় পত্র (NID)
০৫। আয়কর সনদপত্র (TIN)
০৬। দোকান ভাড়া দলিল/মালিকানার প্রমাণক।
০৭। VAT নিবন্ধন সনদপত্র (যদি থাকে)।
০৮। চেয়ারম্যান/পৌরসভা/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
০৯। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-এর অনুকূলে অফেরতযোগ্য আবেদন ফি বাবদ ৫,০০০/-টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট।

E:\shahadot\উপজেলা ভিত্তিক ডিলার তালিকা\নিয়োগ পত্র.docx

Trading Corporation of Bangladesh * Dhaka *

৯/৯/2020

৪

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

ডিলার নিয়োগের সংশোধিত গাইড লাইন-২০২০

কতিপয় নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রী যথাঃ চিনি, মশুর ডাল, সয়াবিন তেল, ছোলা ও খেজুর ইত্যাদির মূল্য নিয়ন্ত্রনে রাখার লক্ষ্যে টিসিবি ভোক্তা সাধারণের নিকট সাশ্রয়ী মূল্যে বিক্রয় ও সরবরাহ করে থাকে। পবিত্র রমজান, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা ও পূজাপার্বণসহ বিভিন্ন জরুরী প্রয়োজনে ডিলারদের মাধ্যমে নির্ধারিত দোকান ও ভ্রাম্যমাণ ট্রাকে উক্ত পণ্যসমূহ বিক্রয় করা হয়। টিসিবির এসকল বিক্রয় ও বিতরণ কার্যক্রম ডিলারদের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। তাই যথাযথ ডিলার নিয়োগ করা টিসিবি'র জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডিলার নিয়োগের সময় আবেদনকারীকে আবেদনের সাথে নমুনা মোতাবেক কর্তৃপক্ষ বরাবর নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হয়;

® আবেদনের সাথে

০১। দুই কপি ছবি।
০২। ট্রেড লাইসেন্স (মুদি ব্যবসায়ী)।
০৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
০৪। জাতীয় পরিচয় পত্র (NID)
০৫। আয়কর সনদপত্র (TIN)
০৬। দোকান ভাড়া দলিল/মালিকানার প্রমাণক।
০৭। VAT নিবন্ধন সনদপত্র (যদি থাকে)।
০৮। চেয়ারম্যান/পৌরসভা/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
০৯। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-এর অনুকুলে আবেদন ফি বাবদ ৫,০০০/-টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট। আবেদন ফিসহ আবেদন কোন ক্রমেই ডিলারশীপ প্রাপ্তির নিশ্চয়তা বহন করে না।

® আবেদন অনুমোদনের পর

১০। লাইসেন্স ফি দুই বছরের জন্য ১০,০০০/- টাকা (অফেরতযোগ্য)। আবেদন অনুমোদনের পর টিসিবি'র অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।
১১। জামানত ৩০,০০০/- টাকা (ফেরতযোগ্য)।
১২। প্রতি দুই বছরের জন্য নবায়ন ফি ১০,০০০/- টাকা এবং নবায়ন বিলম্ব ফি প্রতি বছরের জন্য ১,০০০/- টাকা।

উপরিউক্ত কাগজপত্রসহ প্রাপ্ত আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতের ভিত্তিতে ডিলার নিয়োগ করা হয়। কাগজপত্র যথাযথ প্রতীয়মান হলে টিসিবি কর্তৃপক্ষ বর্ণিত তদন্ত ছাড়াই জরুরী প্রয়োজনে/বিশেষ বিবেচনায় যে কোন প্রতিষ্ঠানকে ২ বছরের জন্য সাময়িক ডিলার নিয়োগ করতে পারবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদনে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে সাময়িক ডিলারশীপ বাতিল করে জামানত বাজেয়াপ্ত করা হবে। তবে সাফল্য জনক ভাবে ২ (দুই) বৎসর সমাপ্তিতে সাময়িক ডিলারগণ নির্ধারিত আবেদন ফি ৫,০০০/-টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট, ২ বছরের লাইন্সেন ফি ১০,০০০/- টাকা অফেরতযোগ্য ও জামানতের ফি ৩০,০০০/- টাকা (ফেরৎযোগ্য) ইতিপূর্বে জমাকৃত ১৫,০০০/- টাকা জামানতসহ পূণরায় যথানিয়মে টিসিবি'র ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন। এ নিয়ম অন্যান্য ডিলারদের জন্য নবায়নের ক্ষেত্রেও প্রযোজ্য।

জেলা, উপজেলা, নগর, মহানগর বা অন্য কোন এলাকার ভৌগলিক অবস্থা, যাতায়াত ব্যবস্থা, বাণিজ্যিক গুরুত্ব প্রভৃতি বিবেচনা করে টিসিবি কর্তৃপক্ষ ডিলারের সংখ্যা নিরূপন করবেন।

(খ) ডিলারশীপ বাতিলঃ

নিম্নলিখিত এক বা একাধিক কারণে ডিলারশীপ বাতিল করে জামানত বাজেয়াপ্ত করা যেতে পারে;

১। ডিলারশীপ চুক্তি পত্রের মেয়াদ উত্তীর্ণের ২ (দুই) বছরের মধ্যে নবায়ন না করা হলে।
২। টিসিবির অনুমতি ব্যতিত দোকানের স্থান পরিবর্তন করলে বা প্রতিষ্ঠানের মালিকানা হস্তান্তর করলে।
৩। ডিলারশীপ প্রাপ্তির জন্য যে সমস্ত বৈধ কাগজপত্র/দলিলাদি প্রয়োজন উহা (পূর্বে বর্ণিত ১-৫) স্থগিত বা বাতিল হলে বা নবায়ন না করলে অথবা অসত্য প্রমাণিত হলে।
৪। কোন অভিযোগ বা অনিয়মের ভিত্তিতে স্থানীয় প্রশাসন বা কোন কর্তৃপক্ষ ডিলারশীপ বাতিলের সুপারিশ করলে।
৫। বরাদ্দকৃত দ্রব্য বিক্রয়ে অনিয়ম, ওজন বা মুল্যে কারচুপি করলে অথবা কালোবাজারে বিক্রয় করলে।
৬। টিসিবি'র নিকট কোন ডিলারের বিরুদ্ধে অভিযোগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে।
৭। পর পর তিনবার মাল উত্তোলন করতে ব্যর্থ হলে।

Trading Corporation of Bangladesh ★ Dhaka ★

৯/৯/২০২০

৮। ১-৫ মেঃ টন পণ্য মজুদ করার মত গুদাম না থাকলে।
৯। টিসিবি কর্তৃপক্ষের বিবেচনায় যদি ডিলারশীপ বাতিল করা সমীচিন প্রতীয়মান হয়।
১০। টিসিবি নির্ধারিত সাইন বোর্ড, ব্যানারসহ টিসিবি কর্তৃক অন্যান্য সিদ্ধান্ত/নির্দেশনা বাস্তবায়নে ব্যর্থ হলে।
১১। একই পরিবারের একাধিক সদস্যের ডিলারশীপ থাকলে (একই পরিবারের সদস্য বলতে বাবা-মা, স্বামী-স্ত্রী, অবিবাহিত ভাই-বোন, অবিবাহিত পুত্র-কন্যা।
১২। টিসিবি'র কর্মকর্তা কর্মচারীর পরিবারের সদস্য বা টিসিবি'র সাথে কোনরুপ চুক্তিবদ্ধ থাকলে।
১৩। কোন আদালত/কর্তৃপক্ষ কর্তৃক পণ্য বিক্রয়ের অনিয়মের ফলে জরিমানা/দন্ড প্রাপ্ত হলে।
১৪। টিসিবি'র কোন কর্মকর্তা/ কর্মচারীর সাথে অশোভন আচরণ করলে বা অসত্য অভিযোগ দায়ের করলে।
১৫। ট্রাকসেলে পণ্য বিক্রয়কালীন ভূয়া/ভুল মোবাইল নম্বর প্রদান করে যোগাযোগ বিচ্ছিন্ন রাখলে।

১ লা জুলাই ২০২০ হতে এ গাইড লাইন কার্যকর হবে এবং এতদসংক্রান্ত পূর্বের সকল নির্দেশনা বাতিল বলে গণ্য হবে। ৩০ জুন ২০২০ এর পুর্বে অনুমোদনকৃত ডিলার যারা চুক্তিপত্র সম্পাদন করেন নাই তাদের অনুমোদন ১ লা জুলাই ২০২০ হতে বাতিল বলে গণ্য হবে।

টিসিবি কর্তৃপক্ষ এ গাইড লাইনের ভিত্তিতে সময়োপযোগী অন্যান্য আবশ্যক নির্দেশনা প্রণয়ন ও জারী করবেন।

Trading Corporation of Bangladesh ★ Dhaka ★

৭/৭/2020